

ঢাকা বিশ্ববিদ্যালয়
আরবী বিভাগ
এম.এ শ্রেণিতে শূন্য আসনে
ভর্তি বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ সেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের ২০টি শূন্য আসনে মাস্টার্স প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। তবে ২০২৩ সনের ৪র্থ বর্ষের ফাইনাল পরীক্ষায় কোনো শিক্ষার্থী অনুত্তীর্ণ হলে বা উত্তীর্ণ শিক্ষার্থীদের কেউ এম.এ. শ্রেণিতে ভর্তি না হলে তাদের আসনও শূন্য বলে গণ্য হবে। যে কোনো পাবলিক/ইউজিসি অনুমোদিত প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিপ্ৰাপ্ত শিক্ষার্থীরা নিম্নোক্ত ভর্তি যোগ্যতা ও শর্ত পূরণ করে আবেদন করতে পারবেন। আগ্রহী প্রার্থীদের আগামী ১৪/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি ফরম-এ আবেদন করতে হবে।

আরবী বিভাগের অফিস হতে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে বা ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে। ফরমের মূল্য ২০০০/-। সেক্ষেত্রে পূরণকৃত ফরম বিভাগে জমা দেওয়ার সময় ২০০০/- জমা দিতে হবে। ভর্তি ফরম সংগ্রহ বা ডাউনলোডের পর তা পূরণ করে ১৪/১১/২০২৪ তারিখে মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ বিভাগে জমা দিতে হবে।

গুরুত্বপূর্ণ তারিখসমূহ

মোবাইল নং ০১৫৫৯১৪৪৮০৮ ; ০১৭৩১৫৫৪২৭৩

১. আবেদনের শেষ তারিখ- ১৪/১১/ ২০২৪

২. ভর্তি পরীক্ষা গ্রহণ-

আরবী ভাষা ও সাহিত্য বিষয়ে মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে।

(ক) লিখিত পরীক্ষা ।। ৮০ নম্বর

তারিখ : পরে জানানো হবে।

(খ) মোখিক্ষা পরীক্ষা ।। ২০ নম্বর

তারিখ : পরে জানানো হবে।

৩. ভর্তির ফলাফল প্রকাশ- পরে জানানো হবে।

৪. ভর্তি- পরে জানানো হবে।

৫. ক্লাস শুরু- পরে জানানো হবে।

ভর্তি যোগ্যতা

১. পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো বিষয়ে ন্যূনতম চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিপ্ৰাপ্ত শিক্ষার্থীরা আরবী বিভাগের নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। মাস্টার্স প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে প্রার্থীর বয়স ও শিক্ষাবর্ষের কোনো সীমাবদ্ধতা থাকবে না।

২. প্রার্থীদের মাধ্যমিক /সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় ‘খ’ ইউনিট বি.এ. (সম্মান) শ্রেণি/আন্ডার গ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তির ন্যূনতম যোগ্যতা অর্থাৎ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক মোট জিপিএ ৭.০০, স্বতন্ত্রভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

৩. প্রার্থীদের স্নাতক (সম্মান) পরীক্ষায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ / দ্বিতীয় বিভাগে ৫৫% নম্বর থাকতে হবে। উপরিউক্ত শর্ত পূরণকারী স্নাতকোত্তর/কামিল ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরাও ভর্তির জন্য আবেদন করতে পারবে। ঢাকা বিশ্ববিদ্যালয়/অভ্যন্তরীণ প্রার্থীদেরও এ শর্ত পূরণ করতে হবে।

৪. বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরা অনুষদ কর্তৃক ডিগ্রির সমতা নিরূপণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ভর্তির আবেদনের সাথে যাব কাগজপত্র জমা দিতে হবে।

১. জাতীয় পরিচয়পত্রের অনুলিপি

২. এসএসসি, এইচএসসি এবং বিএ অনার্সের সনদ ও মার্কসিটের ফটোকপি।

৩. সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।

৪. বিদেশি ডিগ্রির ক্ষেত্রে ডিগ্রির সমতা নিরূপণের জন্য কলা অনুষদে সরাসরি আবেদন করতে হবে।

৫. অসম্পূর্ণ আবেদনপত্র ভর্তির জন্য বিবেচিত হবে না।

ভর্তি-প্রক্রিয়া

- ১) ভর্তির বিজ্ঞাপন প্রকাশের পর ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আবেদন করতে হবে। লিখিত ও মৌখিক দুটি অংশে সর্বমোট ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হবে।
- ২) লিখিত ও মৌখিক পরীক্ষায় ৪০% নম্বর পাস বলে বিবেচিত হবে।
- ৩) লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে মেধাক্রমানুসারে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।
- ৪) ভর্তি-প্রক্রিয়া, ভর্তি ফি-সহ অন্যান্য বিষয় বিভাগ হতে জেনে নিতে হবে।
- ৫) নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে কেউ ভর্তি না হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং অপেক্ষমান তালিকা থেকে মেধানুক্রমে প্রার্থীদেরকে ভর্তির জন্য সুযোগ দেওয়া হবে।
- ৬) স্নাতক (সম্মান) শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যারা নির্ধারিত সময়ে মাস্টার্স প্রোগ্রামে ভর্তি হবেন না তাদের আসনও শূন্য বলে বিবেচিত হবে। শূন্য আসনগুলোতে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রস্তুতকৃত অপেক্ষমান তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি করা হবে।
- ৭) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ভর্তি কোটা বিধিমোতাবেক বলবৎ থাকবে।



(অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক)
চেয়ারম্যান
আরবী বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়